শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

মাস্টার্স নিয়মিত ভর্তি

২য় রিলিজ স্লিপের আবেদন শুরু ১৬ জানুয়ারি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের অনলাইন আবেদন আগামী ১৬ জানুয়ারি বিকেল ৪টা থেকে শুরু হয়ে আগামী ২২ জানুয়ারি রাত ১২টা পর্যন্ত পর্যন্ত চলবে। যে সব শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পায়নি, মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি, মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে সে সব আবেদনকারী ২য় রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। কলেজ কর্তৃক যে সব আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সব আবেদনকারী ২য় রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে। —বিজ্ঞপ্তি

বান্দরবানে নবাগত প্রথম নারী পুলিশ সুপারের সঙ্গে সাংবাদিকদের মতবিনিময়

বান্দরবানে নবাগত প্রথম নারী পুলিশ সুপার জেরিন আখতার, বিপিএমের সঙ্গে জেলার কর্মরত সাংবাদিকদের মতবিনিময় সভা গতকাল সোমবার সকাল ১১টায় বান্দরবান জেলা পুলিশ সুপারের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এ সময় সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মো. আলী হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার মো. কামরুজ্জামান, বান্দরবান প্রেসক্লাব সভাপতি মনিরুল ইসলাম মনু, সাবেক সভাপতি আমিনুল ইসলাম বাচ্চু, সাধারণ সম্পাদ মিনারুল হক, কোষাধ্যক্ষ ও প্রবীণ সাংবাদিক মুছা ফারুকী, প্রথম আলোর সাংবাদিক বুদ্ধজ্যোতি চাকমা, পুলিশ সুপার কার্যালয়ের ডিআই ওয়ান মো. বাছা মিয়া, সাংবাদিক মোহাম্মদ আলীসহ বান্দরবানে কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকরা। নবাগত পুলিশ সুপার তার বক্তব্যে বলেন, মজিব বর্ষের অঙ্গীকার পুলিশ হবে জনতার' এই স্লোগানকে সামনে রেখে বাংলাদেশ পুলিশ জনগণের জান মাল ও আইনশঙ্খলা রক্ষার্থে কাজ করে যাচ্ছে, সেই ধারাবাহিতায় বান্দরবানের রাষ্ট্রবিরোধী, সমাজবিরোধী, মাদকচক্র, ইভটিজিং রোধ, শহরের যত্রতত্র টমটম পার্কিং, মোটরসাইকেল চুরি, বান্দরবানবাসী ও পর্যটকদের নিরাপত্তা রক্ষা, পর্যটনবাহী বি-৭০, বোলারী জিপ গাড়ির চালকের বেপরোয়াগতিসহ সর্বোপরি আইনশৃঙ্খখলা রক্ষায় সাংবাদিকসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। —বান্দরবান সংবাদদাতা

ব্র্যাক ব্যাংক লিমিটেড

হেড অফিস, অনিক টাওয়ার,২২০/বি, তেজগাঁও লিংক রোড, ঢাকা-১২০৮

বন্ধকী সম্পত্তির নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা অনুসারে

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যাইতেছে যে, Mr. Md. Billal Hossen, Proprietor- **B.K. TRADERS**, Address: Gouripur Bazar, Daudkandi, Comilla. এর নিকট ব্র্যাক ব্যাংক লিমিটেড-এর Loan বাবদ গত ০৬.১১.২০১৯ তারিখ পর্যন্ত ১,১৯,৬৬,১৬৩.৯৬ (কথায়ঃ এক কোটি উনিশ লক্ষ ছেষট্টি হাজার একশত তেষট্টি দশমিক নয় ছয় পয়সা মাত্র) পাওনা রহিয়াছে। উক্ত ঋণ গ্রহিতার ঋণ পরিশোধের নিশ্চয়তাস্বরূপ নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি রেজিষ্ট্রিকৃত বিগত ০৯.০৯.২০১৩ তারিখে বন্ধকী দলিল নং ৫০৩৪/১৩ এর মাধ্যমে ব্র্যাক ব্যাংক লিঃ,-এর নিকট দায়বদ্ধ রাখিয়াছেন এবং একই তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রিকৃত ৫০৩৫/১৩নং আম-মোক্তারনামা দলিলের মাধ্যমে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়াছেন। ঋণ বাবদ পাওনা টাকা উক্ত ঋণ গ্রহীতা পরিশোধ করিতে ব্যর্থ হওয়ায় ব্র্যাক ব্যাংক লিঃ পাওনা আদায়ের নিমিত্তে উক্ত বন্ধকী দলিল ও আম-মোক্তারনামা বলে তফসিল বর্ণিত বন্ধকী স্থাবর সম্পত্তি নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহবান করিতেছে।

Schedule of Mortgaged Property:

Schedule-A

Dist-Comilla, P.S-Daudkandi, Mouza-Gouripur, J.L. No. Sabek-227, Hal-111.

Name of Mouza	Khatian No.	Plot No.	Area
Gouripur	C.S-69	60	33 Decimal
	R.S-88	60	33 Decimal
	B.S,D.P-544	60/104	15 Decimal
	Sep Kh.-558	60/104	**11 Decimal**
Proposed Mortgaged Land 11 (Eleven) Decimal			

Schedule-B

Dist-Comilla, P.S-Daudkandi, Mouza Gouripur, J.L. No. Sabek-227, Hal-111.

Name of Mouza	Khatian No.	Plot No.	Area
Gouripur	C.S-69	60	33 Decimal
	R.S-88	60	33 Decimal
	B.S,D.P-544	60/104	15 Decimal
	Sep.Kh.760	60/104	**4 Decimal**
Proposed Mortgaged Land 4 (Four) Decimal			

Total (11+40)=15 decimal land along with all structure constructed or to be constructed in future thereon with all benefit, fill easement appertained to attached to the land.

নিলামের শর্তাবলী:

১) প্রত্যেক দরপত্রদরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। ২) দরপত্র আগামী ০৬-০২-২০২০ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ৩) প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০%-এর সমপরিমাণ টাকার, জামানতস্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ২নং শর্তে উল্লেখিত ঠিকানায় ব্র্যাক ব্যাংক লি:-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। ৪) অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। ৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতিয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে। ৬) উপরে বর্ণিত (৩) ও (৪)-এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।৭) নিলামে অংশ গ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য এবং নিলামে অংশগ্রহনের পূর্বে বন্ধকী সম্পত্তি সম্পর্কিত যাবতীয় দলিলাদি পর্যবেক্ষণ করার জন্য ব্যাংকের উক্ত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।৮) কোন কারন দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার অধিকার ব্র্যাক ব্যাংক লি: সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারনে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাঁহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্র দাতাদেরকে তাঁহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে। ৯) দরদাতাগণ বা তাঁহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন) এর সম্মুখে আগামী ০৬-০২-২০২০ ইং তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় ২ নং শর্তে উল্লেখিত ব্র্যাক ব্যাংক লি : এর অফিসে দরপত্র বাক্স খোলা হইবে। ১০) সফল দরদাতাকে তফসিলে বর্ণিত সম্পত্তি হস্তান্তর সংক্রান্ত রেজিষ্ট্রেশন খরচ, হস্তান্তর ফি, ষ্ট্যাম্প ডিউটি, উৎস কর(প্রযোজ্য ক্ষেত্রে), অন্যান্য খরচ, দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন পাওনা বা দাবী থাকিলে তাহা বহন করিতে হইবে। রেজিষ্ট্রেশন খরচ সহ বর্ণিত সকল খরচের বিষয়ে কোন অসাদুপায় অবলম্বন করিলে উহার উদ্ভূত দায়-দায়িত্ব সংশ্লিষ্ট নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে। ব্র্যাক ব্যাংক কর্তৃপক্ষ কোনভাবে দায়ী থাকিবে না। ১১) বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, বিসিক, সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ব্র্যাক ব্যাংক লিমিটেড এর উপর বর্তাইবে না। উক্ত খরচ দরপত্র দাতা/ক্রেতা বহন করিবেন। ১২) সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৫) ধারা মোতাবেক সম্পত্তি দখল প্রদানের বিষয়ে সহযোগিতা করা হইবে।

দরপত্র দাখিলের ঠিকানা : লিগ্যাল এন্ড রিকোভারী ডিভিশন, সেপাল প্লাটিনাম টাওয়ার, লেভেল-৩, ২৪৭-২৪৮, বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন নং: ০১৭১৪০-৮৪৫০৩, ০১৭১৪০-৮৪৫৫৯।

দৈনিক মানবকণ্ঠ, তাং-১৪/০১/২০২০

ঘন কুয়াশা

চট্টগ্রামের বিমান কলকাতায়

চট্টগ্রাম ব্যুরো

ঘন কুয়াশার কারণে মাসকাট থেকে আসা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করতে না পেরে কলকাতা চলে গেছে। গতকাল সোমবার সকাল সাড়ে আটটার দিকে বিমানের ১২২ ফ্লাইটটি কলকাতা চলে যায়। শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের ব্যবস্থাপক উইং কমান্ডার সারওয়ার-ই-জামান জানান, আবহাওয়া অনুকূলে না থাকায় ঘন কুয়াশার কারণে মাসকাট থেকে আসা ফ্লাইটটি শাহ আমানতে অবতরণ করতে পারেনি তাই কলকাতা বিমানবন্দরে চলে যায়। আবহাওয়া অনুকূলে থাকলে ফ্লাইটটি আবার চট্টগ্রামে চলে আসবে।

পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রে চীনা শ্রমিকের মৃত্যু

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় নির্মাণাধীন ১৩২০ মেগাওয়াট পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রে কর্মরত লি রুইয়ান (৫৪) নামে এক চীনা নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে। গত রোববার সন্ধ্যা সাড়ে সাতটায় প্রকল্প এলাকার রাবনাবাদ নদের তীরে বিদ্যুৎকেন্দ্রের জেটি নির্মাণ কাজে ব্যস্ত থাকা অবস্থায় তার মৃত্যু হয়। নিহত লি রুইয়ানের চীনের বেইজিংয়ের গুয়াংডং এলাকার বাসিন্দা। পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্র সূত্র জানায়, গত রোববার সন্ধ্যায় প্রকল্প এলাকায় কর্মরত অবস্থায় ওই চীনা শ্রমিক অসুস্থ হয়ে পড়ার পর অন্য শ্রমিকরা তাকে উদ্ধার করে দ্রুত কলাপাড়া হাসপাতালে চিকিৎসার জন্য প্রেরণ করে। কিন্তু পথিমধ্যে লি রুইয়ান মারা যায়।